# ফেব্রুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | ঃ | ১৪/০২/২০২৩খ্রি.। |
| সময় | ঃ | দুপুর ১২:০০ঘটিকা । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| আলোচ্য মাস: | ঃ | জানুয়ারি/২০২৩খ্রি. । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ২৯/১২/২০২২খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:ম | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করতে পারেননি। | আগামী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কার্যবিবরণী প্রেরণ করেননি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগনকে জানতে চাওয়া হলে বলেন যে,UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলি তদারকি জন্য করার জন্য সকলকে বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনা:

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | জানুয়ারি/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যকক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি জানান যে গত সভায় স্বাস্থ্য কমপ্লেক্স অপারেশন থিয়াটারে স্বেচ্ছাসেবক হিসেবে বিনাশ্রমে জনাব স্বপন কুমার রায়,পিতা-রাজেন্দ্রনাথ রায়, গ্রাম: বাহাগিলী, ডাকঘর:মীরবাগ, কাউনিয়া, রংপুরকে উপজেলা রাজস্ব তহবিল অর্থায়নে দৈনিক হাজিরা ভিত্তিক বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাউনিয়া স্বাস্থ্য কমপ্লেক্স অপারেশন থিয়াটারে স্বেচ্ছাসেবক হিসেবে বিনাশ্রমে কাজে নিয়োজিত জনাব স্বপন কুমার রায়, পিতা-রাজেন্দ্রনাথ রায়, গ্রাম: বাহাগিলী, ডাকঘর: মীরবাগ,কাউনিয়া, রংপুরকে পরবর্তী নির্দেশ না হওয়া পর্যন্ত জানুয়ারি/২০২৩ মাস হতে দৈনিক হাজিরা ভিত্তিক ভিত্তিতে প্রতি মাসে ৮,০০০/-টাকা রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত বিলের চেক প্রদান প্রদানে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | জানুয়ারি/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, বিভাগীয় কার্যকক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জানুয়ারি/২০২৩ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে, তাঁর দপ্তরের নিয়মিত সকল কার্যাবলী যেমন- চিকিৎসা প্রদান, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, ঘাসের চারা বিতরণসহ সকল কাজ ভালভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জানুয়ারি /২০২৩ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতি চলছে। তিনি আরো বলেন যে, জাটকা ইলিশ মাছ সংরক্ষণ অভিযান যথারীতি চলছে যা ৩০ জুন ২০২৩ পর্যন্ত অব্যাহত থাকবে। কাউনিয়া উপজেলায় ০৩ টি মৎস্য অভয়াশ্রম আছে। এর মধ্যে ০২ টি মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। ০৩ টি বিলের জন্য বিল নার্সারি স্থাপনের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। যা আগামী এপ্রিল মাসে বাস্তবায়ন করা হবে। মৎস্য অভয়াশ্রম মেরামতের কাজ দ্রুতই শুরু করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| | | | |
|---|---|---|---|
| ৫. | জানুয়ারি/২০২৩ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | (নিচের সারণি ও বিবরণ দ্রষ্টব্য) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্লানন | পুরুষ | মহিলা | |
| জানুয়ারি/২০২৩ | ৬৪৪ | ৬৮ | ৬৪৮ | ৩৬ | ৭৫ | ০৩ | ০৬ | ১৪৮০ |

১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।
২। বাড়ি বাড়ি পরিদর্শনের সময় নিজস্ব নিরাপত্তা নিশ্চত করাসহ পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ ও জনগণকে সচেতন করতে সকল পরিবার কল্যাণ সহকারি ওয়ার্ড পর্যায়ে ও পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ন পর্যায়ে ভূমিকা পালন করছেন।
৩। করোনা প্রতিরোধে সরকার কর্তৃক অর্পিত যেকোন অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করা হয়েছে এবং স্বাস্থ্য বিধি অনুসরণ করছেন।

D:\Akmol\Upzilla Rejulation\UPAZILA REJU-1 (AutoRecovered).doc

| | | | |
|---|---|---|---|
| | | ৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম- এ এপপিআই,এফডাব্লিউ ডি,ও এফ ডাব্লিউ এ কর্তৃক প্রতিমাসে কার্যক্রম চালু রয়েছে।<br>৫। বিভাগীয় মাসিক সমন্বয় সভায় দাপ্তরিক দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। | |

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী সভায় বলেন উপজেলাপ্রকৌশলীসভায় ২০২২-২৩ অর্থ বছরেনিম্নবর্ণিতবিষয়েসমূহআলোচনাকরেন:<br>১: ২০২২-২৩ অর্থ বছরেউপজেলাশহর(নন-মিউনিসিপালমাষ্টারপ্লানপ্রণয়ন ও মৌখিকঅব কাঠামো উন্নয়নপ্রকল্প)UTMIDP প্রকল্পেরআওতায়প্রকল্পসমূহ স্কীমবাস্তবায়নেরসুপারিশজন্য উপস্থাপনকরেন।<br>(ক) H/O kasam at Chandipur Union-Mirbag Rail station Via MoriyamBazar Ch.oo-130murder Union-Kursha, Upazila-Kaunia,District-Rangpurএর ৪২৫ মিটাররাস্তাবাস্তবায়ন।<br>(খ)ভূতছাড়া(মীরবাগ)হাটসিংগেরকুড়াহাটএবংবড়ুয়াহাটমোট=০৩টি হাটেরঅনুমোদিতডিজাইনঅনুযায়ীপাবলিকটয়লেটনির্মাণ।(গ) ভূতছাড়া(মীরবাগ)হাটহাটেঅনুমোদিত ডিজাইন অনুযায়ী কসাইখানা নির্মাণ করন।<br>(ঘ)ভূতছাড়া(মীরবাগ)হাটেরঅনুমোদিতডিজাইনঅনুযায়ীকাঁচাবাজারনির্মাণকরণ।<br>(ঙ) কাউনিয়াবাজার, বাসষ্ট্যান্ড ও উপজেলাপরিষদ সংলগ্নরাস্তারসাইডড্রেণ নির্মাণকরণ।<br>২। নিম্নের ৩ (তিন) টিরাস্তানতুনআইডিকরাকরণ:<br>a. BuruahatChairar Mill Road to Bhaiarhat Road via Sadrataluk Community Clinic & Freedom Fighter Md. YousopAlli House Road. Ch.0.00 - 1325.00m.<br>b. BuruahatChairar Mill Road to Bhaiarhat Road via Dash Para SarbajoninMondir, Freedom Fighter Md. Korim Ulla House &BottlaSarbajoninMondir Road. Ch.0.00 - 2325.00m.<br>c. WAPDA Embankment KhagenChatal to AbdurRouf Shop Road. Ch.0.00 - 1450.00m.<br>জেলাপ্রশাসক, রংপুর, মহোদয়বরাররেসুপারিশকরারজন্য অনুরোধকরেন।<br>৩।Upazila H/Q(R&H)-Kaunia Rail Station Rd.রাস্তাটিR&H রাস্তার সহিত সামঞ্জস্য রেখেউচুঁসহ মেরামতকরাণ।<br>৪। Construction works of RCC Drain at Sabdi Mull Tari GPS to Neer of Amzad House Middle of Botlar Bill under Shohidbad Union. Upazila-Kaunia. District-Rangpur.লেভেলঠিক করাতেমাটিকাটিং ও দুইসাইডেরওয়াল উচ্চতা বৃদ্ধি হয়েছে। টাকারপরিমানঅপরিবর্তিতরাখায় দৈর্ঘ্য (৩২০ মিটারেরযায়গায় ২৬১ মিটার)৫৯ মিটারকমে গেছে ।<br>এছাড়াকাউনিয়াউপজেলায়অনুমোদনব্যতিত যে সকল ভবন নির্মাণ করা হয়েছে-সেগুলোরবিষয়ে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধকরেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে২০২২-২০২৩ অর্থ বছরে ক্রমিকনং (১) এর ক,খ,গ,ঘ ও ঙপর্যন্তআলোচ্য বিষয়গুলিসভায়অনুমোদনকরাহয়,সদয়অবগতি ও পরবর্তী প্রয়োজনীয়ব্যবস্থা গ্রহণেরজন্য প্রকল্পপরিচালক, স্থানীয়সরকারপ্রকৌশলঅধিদপ্তরপল্লীউন্নয়ন ও সমবায়মন্ত্রণালয়, ঢাকামহোদয়কেসুপারিশকরারসিদ্ধান্তগৃহীতহয়। ক্র:নং (২) রাস্তাসমুহনতুনআইডিকরারজন্য জেলাপ্রশাসকমহোদয়ের বরাবরেসুপারিশকরারসিদ্ধান্তগৃহীতহয়।<br>৩। RFQ পদ্ধতিতেউপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪)উক্ত ড্রন সরেজ মিনে বাস্তবায়ন করায় সংশোধিত প্রক্কলনঅনুমোদন করার জন্য সুপারিশকরেণ। | সকল জনপ্রতিনিধি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | জানুয়ারি/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, ২০২৩ শিক্ষা বর্সের বিনামূল্যে পাঠ্যপুস্তক মাধ্যমিক পর্যায়ে ৮৪.৫১%, দাখিল পর্যায়ে ১০০% ও এবতেদায়ী পর্যায়ে ১০০% বই এসেছে। যা ইতিমধ্যে সকল প্রতিষ্ঠানের বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো বলেন যে, কাউনিয়া উপজেলার হারাগাছ পৌরসভা চর চতুরা গুচ্ছগ্রাম প্রতিষ্ঠিত হয় ১৯৮৯ সালে। গুচ্ছগ্রামটিতে ৭৫ টির বেশি পরিবার তখন থেকে বসবাস শুরু করেন। তখন গহুচ্ছগ্রামটিতে শিশু জরিপ করে দেখা যায় বিদ্যালয় গমন উপযোগী শিশুর সংখ্যা প্রায় ৪০০ জন। আবাসন/গুচ্ছগ্রাম প্রকল্পের নীতিমালায় গুচ্ছগ্রামে ০১ টি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার কথা ছিল। সে অনুযায়ী ১৯৯২ সসালে উক্ত গ্রামে হারাগাছ চতুরা গুচ্ছগ্রাম নামে একটি বে-সরকারি প্রাথমিক বিদালয় প্রতিষ্ঠত হয়। উক্ত বিদ্যালয়ে বর্তমানে ০৪ জন শিক্ষক কর্মরত আছেন। ২০০৯ সাল থেকে উক্ত বিদ্যালয়টি থেকে ৫ম শ্রেণির ছাত্র/ছাত্রী প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অংশগ্রহণ করে আসছে। উক্ত বিদ্যালয়ে ২০২২ সালে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষা ০৫ জন শিক্ষার্থী অংশ গ্রহণ করেন। বিদ্যালয়ে কর্মরত শিক্ষক চার জন হলেন ক) মোছা: সারজিনা খাতুন, প্রধান শিক্ষক খ) মোছা: আউলিয়া বেগম, সহকারি শিক্ষক, গ) মোছা: হামিদা আক্তার, সহকারি শিক্ষক, ঘ) মোছা: মনিমালা খাতুন, সহকারি শিক্ষক। এই চার জনের মধ্যে মোছা: সারজিনা খাতুন অত্র বিদ্যালয় হতে লেখাপড়া করেছেন। উক্ত বিদ্যালয়ে বিভিন্ন সময়ে জেলা প্রশাসক, উপজেলা চেয়ারম্যা, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার পরিদর্শন করেছেন। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর উপস্থিতি ৮২%, লোখাপড়ার মান সন্তোষজনক পেয়েছেন। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, বিদ্যালয়ে উপস্থিত থেকে ২০২৩ সালের পাঠ্যপুস্তক বিতরণ উৎসব উদ্‌যাপন করেছেন। বিদ্যালয়টিতে বর্তমানে ২৩০ জন শিক্ষার্থী অধ্যয়নরত। গুচ্ছগ্রাম এলাকাটি অত্যন্ত দরিদ্র সেই দরিদ্র অভিভাবকদের ছেলে/মেয়ে এখানে লেখাপড়া করে। ১৯৯২ সাল থেকে বিদ্যালয়টি কোন অনুদান পায়নি। শিক্ষকগণ বিনা বেতনে শ্রেণি পাঠদান করে যাচ্ছেন। যে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাথে বিদ্যালয়টির তুলনা করা যেতে পারে। উপজেলা শিক্ষা অফিস, কাউনিয়া, রংপুর এর সাথে শিক্ষকগণ সময়মত যোগাযোগ করতে পারেননি বিধায় বিদ্যালয়টি ২০১৩ সালে জাতীয়করণ থেকে বাদ পড়েছে। গুচ্ছগ্রামকে কেন্দ্র করেই বিদ্যালয়টি ১৯৯২ সালে প্রতিষ্ঠিত হয় এবং অসংখ্য ছাত্র/ছাত্রী নিয়ে পাঠদান অব্যাহত রাখছে। সরকারের প্রাথমিক শিক্ষা বিভাগের সকল প্রকার কার্যক্রম এই বিদ্যালয়টি সফলতার সাথে পালন করে আসছে। বিদ্যালয়টির কর্মরত চার জন শিক্ষকসহ জাতীয়করণ করা বিষয়ে উপজেলা পরিষদ মনে করে। | আলোচনান্তে উপজেলার হারাগাছ পৌরসভা চর চতুরা গুচ্ছগ্রাম শিক্ষা প্রতিষ্ঠানটি এই বিষয় ব্যাপক আলোচনার পর বিদ্যালয়টি কর্মরত চারজন শিক্ষকসহ জাতীয়করণের সিদ্ধান্ত গৃহীত হয়, এবং জাতীয় করণের নিমিত্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থাসহ উর্ধতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১০. উপজেলা সমাজসেবা বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার | উপজেলা সমাজ সেবা অফিসার অফিসার কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, ভি ডব্লিউ বি কার্যক্রমের কার্ড বিতরণ ও তালিকা সংশোধন প্রক্রিয়াধীন। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় অনলাইন আবেদন গ্রহণ চলমান রয়েছে। আগামী ২০ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটি আবেদন যাচাইপূর্বক অপেক্ষমান তালিকাসহ তালিকা প্রণয়নপূর্বক দাখিল করার জন্য অনুরোধ করা হলো। | আলোচনান্তে ভি ডব্লিউ বি কার্যক্রমের কার্ড বিতরণ ও তালিকা সংশোধন বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান সহযোগিতা জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা খাদ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা বন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৬. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬। | জানুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কাউনিয়া, রংপুর। |

বিবিধ বিষয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা সেচ কমিটির গত ০৮/০২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় যাচাই-বাছাইপূর্বক ২৯ জনের (পরিশিষ্ট-গ) সেচ লাইসেন্স প্রদানের জন্য অনুমোদিত হয়েছে। অনুমোদিত ২৯ জনের তালিকা অনুমোদনের জন্য সভায় পেশ করেন। | এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটির গত ০৮/০২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় ২৯ জনের সেচ লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যা পরিশিষ্ট 'গ' এ সন্নিবেশিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও উপজেলা পরিষদ মাসিক সভার সম্মানিত সভাপতি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় আলোচ্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ বিস্তারিত পর্যালোচনা করে বলেন যে, সরকারী সিদ্ধান্ত বিধিঅনুসরণ করে উন্নয়ন মূলক কর্মকান্ড সকলকে সুষ্ঠু সুন্দরভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রমে একসাথে সকলের স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহনের আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/২/২৩

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২০- ১২৫/১ তারিখঃ১৬/০২/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ........................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

১৬/০২/২৩
(মনোনীতা দাস)
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সহকারী কমিশনার(ভূমি)
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd

৩
২১/০২/২৩